গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রোগ্রামার: আইসিটি শাখা
www.eedmoe.gov.bd
শিক্ষা ভবন (দ্বিতীয় ব্লক) নবাব আব্দুল গনি রোড, ঢাকা।

**বিষয়: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টারের (জুলাই' ২৩ – সেপ্টেম্বর' ২৩) বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ দেলোয়ার হোসেন মজুমদার<br>প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ২৭/০৭/২০২৩ |
| সভার সময় | বিকাল ০৩:৩০ মিনিট |
| স্থান | সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ-কে অনুরোধ জানান। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | সভায় অবহিত করা হয় যে, সেবা সহজীকরণের লক্ষ্যে 'অনলাইন ঠিকাদার তালিকাভুক্তি' সেবাটি এটুআই কর্তৃক নির্বাচিত করা রয়েছে। এই সেবাটি ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা অনুযায়ী ০৪/০৫/২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন করা প্রয়োজন। বিষয়টি ইতোমধ্যে সহকারী প্রকৌশলী জনাব মোঃ ইমরান হোসাইন খান প্রধান প্রকৌশলীর নিকট উত্থাপন করেছেন। | [১.১.১] সভায় ইনোভেশন টিম পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>[১.১.২] ২০২৩-২০২৪ অর্থ বছরে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে। প্রাথমিকভাবে কয়েকটি উদ্ভাবনী আইডিয়ার প্রস্তাব উপস্থাপন করতে হবে। | ১. জনাব আসাদুজ্জামান, উপপরিচালক (প্রশাসন)<br>২. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার<br>৩. জনাব মো. খালিদ হোসাইন, সহকারী প্রকৌশলী<br>৪. জনাব ইমরান হোসাইন খান, সহকারী প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| [২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা। | ইতঃপূর্বে বাস্তবায়িত ডিজিটাইজড সেবা হিসেবে পার্সোনাল ইনফর্মেশন ম্যানেজমেন্ট সিস্টেম (PIMS) প্রস্তুত করা হয়েছে। এই সিস্টেম হতে সর্বোচ্চ সুফল পেতে এতে কিছু মডিফিকেশন করা হয়েছে।<br>প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের তথ্য পদভিত্তিক যাচাই করে সংশোধন, সংযোজন ও বিয়োজন করে চূড়ান্ত করা হয়েছে।<br>ইতঃপূর্বে বাস্তবায়িত শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন “শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ডাটাবেজ উন্নয়ন উপাত্ত” এবং “উন্নয়ন প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন অনলাইনে আপলোড করণ” সেবা দুইটি কার্যকর করার লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | [২.১.১] “শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ডাটাবেজ উন্নয়ন উপাত্ত” এবং “উন্নয়ন প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন অনলাইনে আপলোড করণ” বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ১. জনাব সমীর কুমার রজক দাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>২. জনাব রতীশ চন্দ্র সেন, সহকারী প্রকৌশলী |
| [৩.১] ইনোভেশন শোকেজিং | আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন করা প্রয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করার বিষয়ে আলোচনা হয়। | [৩.১.১] ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী আয়োজন করতে হবে।<br>[৩.১.২] ইনোভেশন শোকেজিং সংক্রান্ত কোনো আইডিয়া গৃহীত হলে ৩টি পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>[৩.১.৩] ইনোভেশন শোকেজিং আয়োজনের আদেশ, স্থির চিত্র এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ/ধারণা বর্ণনা, প্রসেস ম্যাপ, লিংক ও টিসিভি বিশ্লেষণসহ প্রেরিত প্রতিবেদন প্রদান করতে হবে। | ১. জনাব সমীর কুমার রজক দাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>২. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার, আইসিটি শাখা |

| | | | |
|---|---|---|---|
| [ ৪.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি | সভায় জানানো হয়, এটুআই কর্তৃক প্রধান কার্যালয়ের ই-নথি সিস্টেমকে ডি-নথি সিস্টেমে রূপান্তর করা হয়েছে। মাঠ পর্যায়ের ৯টি সার্কেল অফিসে শতভাগ ডি-নথি সিস্টেমে দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। এ সকল অফিসের কর্মকর্তা-কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করার জন্য ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | [৪.১.১] ডি-নথি সিস্টেমে দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রধান কার্যালয়ের সকল ডেস্ক-এর কর্মকর্তা-কর্মচারীগণ ডি-নথি ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>[৪.১.২] মাঠ পর্যায়ের সার্কেল অফিসে ডি-নথি বাস্তবায়নের জন্য প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br>[৪.১.৩] এটুআই-এর সাথে যোগাযোগ করে জেলা পর্যায়ের অফিসসমূহকে সিস্টেমে অন্তর্ভুক্ত করতে হবে। | ১. জনাব আসাদুজ্জামান, উপপরিচালক (প্রশাসন)<br>২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল সার্কেল<br>৩. নির্বাহী প্রকৌশলী, সকল জেলা<br>৪. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার, আইসিটি শাখা |
| [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়। মাঠ-পর্যায়ের ওয়েবসাইট নিয়মিত আপডেটেড রাখার বিষয়ে মনিটরিং করার জন্য সহকারী প্রকৌশলী মোছা: ফারজানা ইয়াসমিনকে দায়িত্ব প্রদান করা হয়েছে। তিনি মাঠ-পর্যায়ের অফিসসমূহের সাথে এ বিষয়ে কাজ করছেন। মাঠ পর্যায়ের সার্কেল ও জেলা অফিসের ওয়েবসাইটসমূহ নিয়মিত হালনাগাদ করার জন্য পত্র প্রদান করা হয়েছে। | [৫.১.১] প্রধান কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ অব্যাহত রাখতে হবে।<br>[৫.১.২] মাঠ-পর্যায়ের ওয়েবসাইট নিয়মিত আপডেটেড রাখার বিষয়ে সহকারী প্রকৌশলী মোছা: ফারজানা ইয়াসমিন মনিটরিং করবেন। | ১. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার<br>২. মোছা: ফারজানা ইয়াসমিন, সহকারী প্রকৌশলী |
| [৬.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন | সভায় জানানো হয়, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ২টি কর্মশালা ১৬/০৩/২০২৪ এর মধ্যে আয়োজন করতে হবে। | [৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ৩০/০৯/২০২৩ এর মধ্যে কর্মশালা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>[৬.১.২] কর্মশালার বিষয়ভিত্তিক আইডিয়া উপস্থাপন করতে হবে। | ১. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার<br>২. জনাব মো. খালিদ হোসাইন, সহকারী প্রকৌশলী<br>৩. জনাব ইমরান হোসাইন খান, সহকারী প্রকৌশলী |

২.০ আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৩-০৮-২০২৩
মোঃ দেলোয়ার হোসেন মজুমদার
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
০২-২২৩৩৮২৮৫৬ (ফোন)
০২-২২৩৩৮২৮৫৬ (ফ্যাক্স)
ce@eedmoe.gov.bd

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০২.২২.১২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
২। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৩। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৪। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রধান কার্যালয়/সার্কেল, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৬। উপপরিচালক, প্রশাসন: অধিশাখা-৬, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৭। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (পুর): ডেস্ক- ১/২/৩/৪, ডিজাইন/বিদ্যুৎ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৮। প্রোগ্রামার, আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯। উপপরিচালক (অর্থ) (অতিরিক্ত দায়িত্ব): অধিশাখা-৭, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১০। কমিটির সকল সদস্যবৃন্দ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১১। সহকারী প্রকৌশলী: পুর/ডিজাইন/বিদ্যুৎ/যান্ত্রিক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১২। প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার (অতিরিক্ত দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৪। উপসহকারী প্রকৌশলী: পুর/যান্ত্রিক/বিদ্যুৎ, উপসহকারী স্থপতি/ড্রাফটসম্যান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৫। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এবং
১৬। সহকারী প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

০৩-০৮-২০২৩
(ইফতেখার উদ্দিন আহাম্মদ)
প্রোগ্রামার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ইনোভেশন টিম পুনর্গঠন (খসড়া)
(২) ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন টিমের ১ম ত্রৈমাসিক সভা আয়োজন